**Times Today BD**

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 19 May, 2025

আগামী বছর থেকে জব্বারের বলি খেলা সংস্কৃতি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় আয়োজন করা হবে। এছাড়া চট্টগ্রামের আরেক ঐতিহ্যবাহী খেলা নৌকাবাইচ আয়োজনেও যুক্ত থাকবে মন্ত্রণালয়।

সোমবার (১৯ মে) দুপুরে চট্টগ্রাম সার্কিট হাউজে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী।তিনি বলেন, জব্বারের বলী খেলা একটি শতবর্ষী আয়োজন।এটি চট্টগ্রামের ঐতিহ্য বহন করে।আমরা বলীখেলা উদযাপন কমিটির সঙ্গে কথা বলেছি।আগামী বছর থেকে জব্বারের বলী খেলা আয়োজনের সঙ্গে যুক্ত থাকবে সংস্কৃতি মন্ত্রণালয়।এটি সংস্কৃতি মন্ত্রণালয়ের ক্যালেন্ডারের সঙ্গে যুক্ত হবে।সেই সঙ্গে নৌকা বাইচও যুক্ত হবে ক্যালেন্ডারে। এসময় পহেলা বৈশাখে নৌকা বাইচ আয়োজন করতে কমিটিকে অনুরোধ করেন তিনি।

উপদেষ্টা আরও জানান, বাংলাদেশের বিভিন্ন এলাকায় বিভিন্ন সাংস্কৃতিক ঐতিহ্য রয়েছে। মন্ত্রণালয় থেকে দেশের ঐতিহ্যবাহী সংস্কৃতিগুলো নিয়ে তৈরি করা হচ্ছে সাংস্কৃতিক ক্যালেন্ডার। যার মাধ্যমে সারা বছর ধরে সাংস্কৃতিক কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত থাকা যাবে।

উপদেষ্টা জিয়া স্মৃতি জাদুঘরকে পূর্ণাঙ্গ জাদুঘর হিসেবে গড়ে তুলতে বিভিন্ন উদ্যোগ নিচ্ছেন বলে জানান। তিনি বলেন, জিয়া স্মৃতি জাদুঘর ১৬ বছর বন্ধ ছিল। দায়িত্ব নেওয়ার পর জাদুঘরের যে বাজেট ছিল তা দ্বিগুণ করা হয়েছে।যেহেতু জিয়া জাদুঘর, তাই এ জাদুঘরে জিয়াউর রহমানের পুরো জীবনের স্মৃতি সংরক্ষণ করা হবে।এটি সময়সাপেক্ষ বিষয়।এর জন্য

জিয়াউর রহমানের জীবনী নিয়ে গবেষণা করা দরকার এবং জাদুঘরের বিষয়ে সুন্দর করে জানানোর জন্য কিউরেটর নিয়োগ করা দরকার।

সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী জিয়া স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন। চট্টগ্রাম সার্কিট হাউজে আয়োজিত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ফরিদা খানমসহ বিভিন্ন সংস্থার কর্মকর্তারা।

জব্বারের বলি খেলা সংস্কৃতি উপদেষ্টা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:46

URL: https://www.timestodaybd.com/chittagong/2684775807